



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোন : ৯৫৬০৭৩৭
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২ (এক্সটেনশন-২৪৩)
E-mail : dgmsme@krishibank.org.bd

এসএমই বিভাগ

নং-বিকেবি-প্রকা/এসএমইবি-৭(৫)/২০১৮-১৯/ ১১০

তারিখ : ০৭/১১/২০১৮

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়
ও
স্থানীয় মুখ্য কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ২০১৮-১৯ অর্থ বছরে বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণ ও আদায় লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। চলতি ২০১৮-১৯ অর্থ বছরের প্রারম্ভেই অত্র ব্যাংকের বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণ ও আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ পূর্বক করণীয় সম্পর্কিত দিক নির্দেশনা দিয়ে মাঠ পর্যায়ে পত্র জারী করা হয়েছে। ইতোমধ্যে বর্তমান অর্থবছরের ৪ (চার) মাস অতিক্রান্ত হলেও ব্যাংকের বার্ষিক এসএমই ঋণ বিতরণ ও আদায়ের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। ৩১/১০/২০১৮ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণ ও আদায় পরিস্থিতি নিম্নরূপঃ

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা	বিতরণের অর্জন	অর্জনের হার (%)	ঋণ আদায় লক্ষ্যমাত্রা	আদায়ের পরিমাণ	অর্জনের হার (%)	এসএমই ঋণ স্থিতি	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১	ঢাকা	৭৯৫.০০	৭২.৮৮	৯%	৯৯.৯৫	৫৬.৬৭	৫৭%	২৩৫.২৬	সন্তোষজনক নয়
২	ময়মনসিংহ	২৩৩.০০	৩১.১০	১৩%	৬৩.৫০	২৭.৮২	৪৪%	১২৪.৯৫	সন্তোষজনক নয়
৩	চট্টগ্রাম	২৫৫.০০	৪১.৩৭	১৬%	৫২.১০	১৭.৬৪	৩৪%	১১৫.৭৮	সন্তোষজনক নয়
৪	খুলনা	৩৯৮.০০	২৬.১৬	৬%	৩৩.৬৫	১৪.৩৩	৪৩%	৮৭.২১	হতাশাব্যঞ্জক
৫	বরিশাল	৭০.০০	৯.৫০	১৪%	৮.৮০	১.৩৩	১৫%	২২.৫৫	হতাশাব্যঞ্জক
৬	সিলেট	১৪৬.০০	২৪.৭১	১৬%	৩৩.৮০	১.২০	৪%	৬২.২৩	হতাশাব্যঞ্জক
৭	কুমিল্লা	৩৩৯.০০	৪৪.৯১	১৩%	৭৮.৭০	৩৮.৬৩	৪৯%	১৭৮.৩৩	সন্তোষজনক নয়
৮	কুষ্টিয়া	২০২.০০	৩৪.০৩	১৭%	৩৮.৯০	২৩.০৮	৫৯%	১১৬.৪২	সন্তোষজনক নয়
৯	ফরিদপুর	২৮৭.০০	২৮.২৪	১০%	২৬.৫০	৭.০৬	২৭%	৭২.০১	হতাশাব্যঞ্জক
১০	এলপিও	৭৭৫.০০	০	০	১৪.১০	২০.৫৫	১৪৬%	২৪.৪৭	হতাশাব্যঞ্জক
	মোটঃ	৩৫০০.০০	৩১২.৯০	৯%	৪৫০.০০	২০৮.৩১	৪৬%	১০৩৯.২১	

০৩। উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় :

- (ক) ঋণ বিতরণ : বার্ষিক এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৩৫০০.০০ কোটি টাকার বিপরীতে ৩১/১০/২০১৮ তারিখ পর্যন্ত মোট বিতরণ করা হয়েছে মাত্র ৩১২.৯০ কোটি টাকা, যা বার্ষিক লক্ষ্যমাত্রার ৯%। প্রথম চার মাসে মোট লক্ষ্যমাত্রার কমপক্ষে ৩৩% অর্জনের নির্দেশনা থাকলেও কোন বিভাগই বার্ষিক এসএমই ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। স্থানীয় মুখ্য কার্যালয় এখন পর্যন্ত এ খাতে কোন ঋণ বিতরণ করেনি। এছাড়া কোন বিভাগের অর্জনই সন্তোষজনক নয়।
- (খ) ঋণ আদায় : ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম, খুলনা, কুমিল্লা, কুষ্টিয়া ও এলপিও প্রথম চার মাসে মোট আদায় লক্ষ্যমাত্রার ৩৩% এর বেশী অর্জন করতে সক্ষম হয়েছে। বরিশাল, সিলেট ও ফরিদপুর বিভাগের ঋণ আদায় পরিস্থিতি সন্তোষজনক নয়। শাখাসমূহ যাতে শ্রেণীকৃত ও শ্রেণীযোগ্য ঋণ আদায়ে অধিকতর তৎপর হয় এবং ডিসেম্বর/২০১৮ তারিখ ভিত্তিক শ্রেণীবিন্যাসকালে কোন এসএমই ঋণ যাতে নতুন করে শ্রেণীকৃত না হয় এ বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০৪। চলতি অর্থবছরে ০৪ (চার) মাস অতিক্রান্ত হলেও এসএমই ঋণ বিতরণ পরিস্থিতি কাল্পনিক মাত্রায় উন্নীত হয়নি। বছরের শুরু হতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত না হলে অর্থবছর শেষে লক্ষ্যমাত্রা অর্জন দূরূহ হয়ে পড়বে। ডিসেম্বর/২০১৮ এর মধ্যে ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনসহ মাঠ কার্যালয় সমূহের ব্যবসায়িক ক্ষমতা সর্বোচ্চ সদ্ব্যবহার করে যথানিয়মে ও দ্রুততম সময়ে এসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করতে হবে। নতুন ঋণ বিতরণের মাধ্যমে পারফর্মিং এসেট বৃদ্ধি করতে হবে। বিদ্যমান ঋণ হিসাবসমূহ যথাসময়ে নবায়ন/বর্ধিত মঞ্জুরির উদ্যোগ নিতে হবে। আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ অঞ্চলসমূহের জন্য আলাদা কর্মকৌশল প্রণয়নপূর্বক নিবিড়ভাবে মনিটরিংসহ এ খাতে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করতে হবে।

০৫। এমতাবস্থায়, ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশনা অনুসরণ পূর্বক আগামী ৩১/১২/২০১৮ তারিখের মধ্যে এসএমই ঋণ বিতরণ ও আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রার ৬০% অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণসহ বিভাগওয়ারী এসএমই ঋণের পারফরমেন্স মাসিক ভিত্তিতে এসএমই বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,



(মোঃ শহিদুল ইসলাম)

মহাব্যবস্থাপক

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

নং-বিকেবি-প্রকা/এসএমইবি-৭(৫)/২০১৮-১৯/ ৩১৫১২৫০

তারিখঃ ঐ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩. উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
(তাকে পত্রখানি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৫. উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬. সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এর মাধ্যমে)।
০৮. নথি/মহানথি।

(মোঃ মজিবুর রহমান চৌধুরী)

উপ-মহাব্যবস্থাপক